কানাইঘাটে দুই দিনব্যাপী শিশু- কিশোর ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

কানাইঘাট প্রতিনিধি:: কানাইঘাট উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে দুই দিনব্যাপী শিশু-কিশোর ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ শুরু হয়েছে।

উপজেলা প্রশাসনের বাস্তবায়নে ও সিলেট জেলা ক্রীড়া অফিসের সহযোগিতায় রোববার (২৬ ফেব্রুয়ারি) সকাল ১১টায় কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে শিশু-কিশোর ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী।

সিলেট জেলা ক্রীড়া অফিসার মো. নূর হোসেনের সভাপতিত্বে ও উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য শফিউল আলম শামীমের পরিচালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মোখলেছুর রহমান, কানাইঘাট সদর ইউপির চেয়ারম্যান আফসার উদ্দিন আহমদ চৌধুরী, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক মাসুক আহমদ, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন, কানাইঘাট পাবলিক হাই স্কুলের প্রধান শিক্ষক মো. ইয়াহিয়া, ইউনিসেফের প্রতিনিধি শফিকুল ইসলাম, পলাশী মজুমদার, সাংবাদিক মুমিন রশিদ।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও ইউনিসেফ বাংলাদেশের পারস্পরিক সহযোগিতায় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে এ শিশু-কিশোর ক্রীড়া প্রতিযোগিতার সার্বিক তত্ত্বাবধানে ছিলেন, কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

উদ্বোধনী দিনে সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে বালক-বালিকা ভলিবল ও উপজেলা প্রশাসনের ব্যাডমিন্টন গ্রাউন্ডে বালক-বালিকা দ্বৈত ও একক ব্যাডমিন্টন প্রতিযোগিতার আয়োজন এবং বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরষ্কার বিতরণ করা হয়।

সোমবার (২৭ ফেব্রুয়ারি) কানাইঘাট মহিলা কলেজ মাঠে বালক-বালিকা ফুটবল, কাবাডি ও পাবলিক হাইস্কুল মাঠে ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।